# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

www. sylhetboard.gov.bd, e-mail: sbcontroller16@gmail.com

স্মারক নং ঃ সিশিবো/পনি/উমা/পুনঃনিরীক্ষণ/২০২৫/৮২২

তারিখঃ ৩০ আশ্বিন, ১৪৩২ বঙ্গাব্দ
১৫ অক্টোবর, ২০২৫ খ্রি.

## এইচএসসি ও সমমান পরীক্ষা-২০২৫ এর ফলাফল পুনঃনিরীক্ষণের নিয়মাবলিঃ

**আবেদন করার তারিখঃ ১৭/১০/২০২৫ থেকে ২৩/১০/২০২৫ তারিখ পর্যন্ত।**

১. https://rescrutiny.eduboardresults.gov.bd এ গিয়ে নির্ধারিত স্থানে রোল, রেজিস্ট্রেশন নম্বর পূরণ করতে হবে এবং বোর্ড ড্রপ ডাউন থেকে বোর্ড নির্বাচন করতে হবে। অতঃপর সাবমিট বাটনে ক্লিক করতে হবে।

২. পরবর্তী স্ক্রিনে শিক্ষার্থীর বিষয় ভিত্তিক ফলাফল দেখা যাবে। এক বা একাধিক বিষয়ে ফলাফল পুনঃনিরীক্ষণের জন্য বিষয়সমূহ নির্বাচন করে ‘ ফি প্রদান করুন’ বাটনে ক্লিক করতে হবে।

৩. প্রতিটি পত্রের জন্য ১৫০/- (একশত পঁঞ্চাশ মাত্র ) টাকা হারে ফি প্রযোজ্য হবে। দ্বিপত্র বিশিষ্ট বিষয়ের ক্ষেত্রে উভয়পত্রের আবেদন করতে হবে ।

৪. পরবর্তী স্ক্রিনে প্রদেয় ফি-এর পরিমাণ দেখা যাবে। বিকাশ,নগদ, সোনালী সেবা, DBBL, রকেট এবং টেলিটক মোবাইল সিমের মাধ্যমে ফি পরিশোধ করা যাবে। ফি পরিশোধের বিস্তারিত ধাপসমূহ উপরোল্লিখিত ও পোর্টালের ‘হেল্প’ বাটনে ক্লিক করে দেখে নেওয়া যাবে।

৫. ফি পরিশোধ করে আবেদনের পোর্টালে এসে ‘জমা দিন’ বাটনে ক্লিক করতে হবে।

৬. উল্লেখ্য যে, ফি প্রদান করে একবার আবেদন জমা দেওয়ার পরে আরও বিষয় যুক্ত করতে চাইলে একইভাবে তা করা যাবে। তবে এক্ষেত্রে নতুনভাবে মোবাইল নম্বর দেওয়ার প্রয়োজন হবে না।

৭. এছাড়া ফি পরিশোধের আগেই যদি আবেদন পরিবর্তন বা পরিমার্জনের প্রয়োজন হয়, সেক্ষেত্রে ‘ মুছে ফেলুন’ বাটনে ক্লিক করে নির্বাচিত বিষয়গুলো (যেগুলোর জন্য এখনও ফি প্রদান করা হয়নি) প্রত্যাহার করা যাবে এবং নতুন করে বিষয় নির্বাচন করা যাবে। তবে একবার ফি জমা দিলে আবেদনকৃত বিষয়গুলো আর বাতিল করা যাবে না এবং কোন অবস্থাতেই ফি ফেরত দেয়া হবে না।

৮. পুনঃনিরীক্ষণে ফলাফল প্রকাশিত হলে প্রদত্ত নাম্বারে এসএমএস পাঠানো হবে এবং সিলেট শিক্ষা বোর্ডের ওয়েব-সাইট www.sylhetboard.gov.bd তে পাওয়া যাবে।

৯. ম্যানুয়াল কোন আবেদন গ্রহণ করা হবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

Md. Saiful Islam
Deputy Controller of Examinations
Board of Intermediate and Secondary Education
Sylhet

CamScanner